ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৬০

আগরতলা,২৭ আগস্ট,২০২৫

**রাজভবনে জিমন্যাসিয়ামের উদ্বোধন করলেন রাজ্যপাল**



স্বাস্থ্য ও সুস্থতার সংস্কৃতি গড়ে তোলার গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আজ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজভবনে একটি নতুন আধুনিক জিমন্যাসিয়ামের উদ্বোধন করেন। রাজভবনে কর্মরত আধিকারিক ও কর্মচারিদের শারীরিক ও মানসিক সুস্থতার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল কর্মজীবনের মধ্যে শারীরিক সুস্থতা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এই জিমন্যাসিয়ামটি রাজভবনে কর্মরত আধিকারিক ও কর্মচারিদের একটি সক্রিয় ও ইতিবাচক জীবনধারা গড়ে তোলার লক্ষ্যে একটি মূল্যবান সম্পদ হিসেবে কাজ করবে। এই জিমন্যাসিয়ামে বিভিন্ন আধুনিক সরঞ্জাম রয়েছে। এরমধ্যে রয়েছে ট্রেডমিল, কার্ডিওভাস্কুলার মেশিন, ওয়েট ট্রেনিং মেশিন ইত্যাদি। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যপালের যুগ্ম সচিব রতন ভৌমিক সহ অন্যান্য পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****